ইত্তেফাক

তারিখ ...23.12.82... পৃষ্ঠা ...1... কলাম ...5...



## 'এসক্যাপ বাংলাদেশকে সহযোগিতা করিতে প্রস্তুত' : কিবরিয়া

বাসস জানায়, এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের জন্য জাতিসংঘের অর্থনৈতিক ও সামাজিক কমিশনের (এসকাপ) নির্বাহী সচিব এস এ এম এস কিবরিয়া গতকাল (বৃহস্পতিবার) বলিয়াছেন, বাংলাদেশের উন্নয়ন ও জীবনযাত্রার উন্নয়নে তাহার প্রতিষ্ঠান বিভিন্ন ক্ষেত্রে বাংলাদেশের সঙ্গে সহযোগিতায় প্রস্তুত রহিয়াছে।

বাংলাদেশ শিল্প বণিক ফেডারেশন ও বাংলাদেশ শিপারস কাউন্সিলের এক যৌথ বৈঠকে তিনি বক্তৃতাকালে একথা বলেন।

সরকারী পর্যায়ে বাংলাদেশ সফররত জনাব ঝিবরিয়া বলেন, বাংলাদেশ ও এসকাপ আন্তর্জাতিক বাণিজ্যের কতকগুলি ক্ষেত্রে দীর্ঘদিন ধরিয়া কাজ করিতেছে। এই ধরনের তৎপরতার এসক্যাপের আন্তঃআঞ্চলিক বাণিজ্যিক সহযোগিতা ও সম্প্রসারণ কার্যক্রমে কম উন্নত দেশগুলির বিশেষ চাহিদা পূরণের দিকে জোর দেওয়া হয়।

তিনি উল্লেখ করেন, এই কার্যক্রমের একটি গুরুত্বপূর্ণ অবদান হইতেছে ১৯৭৮ সালে প্রতিষ্টিত আন্তঃ সরকার বাণিজ্য সহযোগিতা গোষ্ঠী এবং বাংলাদেশ ইহার সাতটি উপগোষ্ঠীর সবগুলিতে সক্রিয় অংশগ্রহণ করিতেছে ও উপকৃত হইতেছে।

জনাব কিবরিয়া বলেন, বাংলাদেশ আন্তঃআঞ্চলিক বাণিজ্যের

(৮ম পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## এসক্যাপ

(১ম পৃঃ পর)

এক সক্রিয় অংশীদার এবং ১৯৭৫ সালে এসকাপের উদ্যোগে স্বাক্ষরিত ব্যাঙ্কক চুক্তির আওতায় এদেশ রেয়াতী শুল্ক সুবিধাও পাইয়াছে।

এসকাপ নির্বাহী সচিব অভিমত প্রকাশ করেন যে, সাম্প্রতিককালে বাংলাদেশে ব্যাঙ্ক ও শিল্পক্ষেত্রে বেসরকারী পুঁজি বিনিয়োগে উর্ধ্ব গতি পরিলক্ষিত হইয়াছে। বিদেশী কোম্পানীগুলির আগ্রহও বাড়িয়াছে।

প্রসঙ্গতঃ তিনি জানান, এসকাপ এ ক্ষেত্রে বিশেষ করিয়া বহুজাতিক সংস্থাগুলির সঙ্গে জটিল আলাপ-আলোচনায় স্থানীয় সামর্থ্য আরও উন্নত করিবার ব্যাপারে সাহায্য করিতে পারে।